

জুন 29, 2017

চেয়ারম্যান / পরিচালন নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
জেলাভিত্তিক কেন্দ্রীয় সমবায় ব্যাংকসমূহ
মহাশয়/ প্রিয় মহাশয় ,

জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকগুলির (ডি সি সি বি সমূহ) সংগ্রহে থাকা বিশেষভাবে উল্লেখিত ব্যাংকনোট সমূহ

অনুগ্রহ করে ভারত সরকার দ্বারা জুন 20, 2017 তারিখে বিজ্ঞাপিত স্পেসিফিকেড ব্যাংক নোটস (ব্যাংক, পোস্ট অফিস এবং জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংক সমূহের দ্বারা জমা করা) রুলস, 2017 ([প্রতিলিপি সংলগ্নিত](#)) দেখুন। উল্লেখিত রুলসের অনুচ্ছেদ 2 অনুসারে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকগুলি তাদের গ্রাহকদের কাছ থেকে নভেম্বর 10 থেকে 14 তারিখ পর্যন্ত সময়ে যে বিশেষভাবে উল্লেখিত ব্যাংকনোট সমূহ (এস বি এন সমূহ) জমা নিয়েছিল সেই বিষয়ে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ওই নোটগুলি নিম্নলিখিত উপায়ে গ্রহণ করা হবে:

- i. নভেম্বর 10 থেকে 14, 2016 তারিখ পর্যন্ত সময়ে ডি সি সি বি সমূহ দ্বারা বিনিময়কৃত/গৃহীত এস বি এন সমূহ জমা হিসাবে স্বীকৃত হবে। নভেম্বর 08 তারিখের লেনদেন শেষ হওয়ার সময় পর্যন্ত তাদের সংগ্রহে থাকা এস বি এন সমূহ যেগুলি এখনও জমা করা হয়নি সেগুলি জমা হিসাবে স্বীকৃত হবে না।
- ii. এই সুবিধা অনুসারে নভেম্বর 15, 2016 এবং তার পরবর্তী সময়ে সংগ্রহ করা এস বি এন সমূহ জমা হিসাবে অনুমোদিত হবে না।
- iii. এই সুবিধা পাওয়া যাবে ভারতীয় রিজার্ভ ব্যাংকের অহমেদাবাদ, বেঙ্গলুরু, বেলাপুর, ভূপাল, ভুবনেশ্বর, চণ্ডীগড়, চেন্নাই, গৌহাটী, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কোলকাতা, লক্ষ্ণৌ, মুম্বাই, নাগপুর, নিউ দিল্লী, পাটনা, এবং থিরুবানন্তপুরম আঞ্চলিক কার্যালয়গুলিতে।
- iv. ব্যাংকস গ্যারান্টি স্কীমের অধীনে ডি সি সি বি গুলি অনুমোদিত এস বি এন সমূহ আর বি আই —এ জমা করতে পারে। এস বি এন সমূহ নির্ধারিত সময়ে জমা না করার কারণগুলি বিশ্লেষণ করার পর তা সন্তোষজনক হলে পেশকারী ব্যাংকের অ্যাকাউন্টে টাকা ক্রেডিট করে দেওয়া হবে।
- v. সম্বন্ধিত ডি সি সি বি গুলি আর বি আই-এর যে কার্যালয়ের অধিক্ষেত্রে অবস্থিত সেই কার্যালয়ের সঙ্গে যোগাযোগ করতে পারে।
- vi. এইভাবে জমা নেওয়া নোটগুলি সম্বন্ধিত ডি সি সি বি —এর প্রতিনিধিদের উপস্থিতিতে বিস্তারিতভাবে নোটগুলির অভ্রান্ততা এবং যথাযোগ্যতা পরীক্ষা এবং তারপর কম/বেশীর ও নকল নোট গুলির মূল্যগত পরিমাণকে বাড়ানো/ কমানোর হবে।
- vii. দায়িত্বপ্রাপ্ত আর বি আই কার্যালয়গুলি এস বি এন সমূহ জমা গ্রহণ করবে জুলাই 19, 2017 তারিখ পর্যন্ত।

আপনার বিশ্বস্ত,

(পি. বিজয়কুমার)

মুখ্য মহা প্রবন্ধক

সংলগ্নক : যথা উল্লেখিত